

# \*\* সচিবালয় পাসপোর্ট অফিসে আবেদনের নিয়ম\*\*

পাসপোর্টের আবেদনের জন্য [www.epassport.gov.bd](http://www.epassport.gov.bd) ওয়েব সাইটে প্রবেশ করুন। এর পরে ওয়েব সাইটের নিচের দিকে Application at RPO Bangladesh Secretariat ক্লিক করুন। সেখান থেকে Offline পিডিএফ আবেদন পত্রটি ডাউনলোড করুন। ( উল্লেখ্য ই-পাসপোর্ট আবেদন পত্রটি পূরণের আগেই [Adobe.com](http://Adobe.com) লিংক থেকে Adobe Acrobat Reader DC ডাউনলোড এবং ইনস্টল করতে হবে )

এর পর Offline পিডিএফ আবেদন পত্রটি সঙ্গে সঙ্গে ওপেন না করে আপনার কম্পিউটারের ডাউনলোড অপশনে গিয়ে ফর্মটি অবশ্যই Adobe Acrobat Reader DC সফটওয়্যার দিয়ে ওপেন করে (১-৭৭) পর্যন্ত পূরণ করতে হবে। নতুন এবং রি-ইস্যু আবেদন উভয় ক্ষেত্রে অফলাইন ফর্মটি কম্পিউটারে (১-৭৭) নম্বর পূরণ করতে হবে।

বিশেষ দৃষ্টব্যঃ

১। আবেদনকারীর জন্মতারিখ অবশ্যই কী-বোর্ডে টাইপ করে সংখ্যায় লিখতে হবে। (নমুনা- 01/01/2024 )

২। সরকারী পাসপোর্টের আবেদন ফর্মটি পূরণের সময় অবশ্যই PRL এর ১ বছর যোগ করে অবসর গ্রহণের তারিখ পূরণ করুন। (৫৯+১)

৩। সরকারী পাসপোর্ট এর মেয়াদ ৫ বছর।

৪। ১০ বছর মেয়াদে পাসপোর্ট গ্রহণের জন্য আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ হতে হবে।

৫। রঙিন কাপড় পরিধান করে আসতে হবে।

**\*\*আবেদনপত্রের প্রথম পৃষ্ঠাতে বারকোড দর্শমান থাকতে হবে\***



প্রয়োজনীয় কাগজঃ

১। ই-পাসপোর্ট অফলাইন আবেদন পত্রের প্রিন্ট কপি। (১ম পৃষ্ঠায় বারকোড সহ)

২। NOC অথবা ব্যক্তিগত GO এর ক্ষেত্রে ব্যাংক চালান কপি।

৩। NOC বা GO কপি। ( ওয়েবসাইটে অবশ্যই থাকতে হবে)

৪। ১৮ বছরের উর্ধ্বে ব্যক্তিদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ( সাথে মূল কপি আনতে হবে )

৫। Previous passport যদি থাকে তার ফটোকপি। ( সাথে মূল কপি আনতে হবে )

৬। ১৮ বছরের নিম্নের ব্যক্তিদের ক্ষেত্রে অনলাইন English জন্মনিবন্ধনের কপি।

৭। ১৮ বছরের নিম্নে ব্যক্তিদের বাবা+মা দুজনের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৮। ৬ বছরের কম বয়সীদের জন্য 3 R বা 4R সাইজ এর ছবি। (সাথে বাবা মা উভয়ের পাসপোর্ট সাইজ ১কপি ছবি )